# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

-----------------------------------------------------------------------

2017 এর November মাস। একদল তরুণ ঠিক করেছিল পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ের মাঠা জঙ্গল থেকে ঝালদা পর্যন্ত Treak করবে। Treak শুরু হয়েছিল NATMO এর Joint Director ড: ত্রিদিব বাসু এর ব্যবস্থাপনায় । পুরুলিয়ার মাঠা পাহাড়,ময়ুর পাহাড়,অযোধ্যা Hill Top, তেলিয়াভাষা, মাছকান্দা ঝর্না, খয়রা বেড়া ,চামটু বুড়ু হয়ে ঝালদা এর রানিডি এই ছিল যাত্রাপথ। এই পথেই একদিন চলতে চলতে আমরা এসে পড়লাম অযোধ্যা পঞ্চায়েত এর রুগরুঘুটু গ্রামে। বলা ভালো সেই রাতেই এক আত্মীয়তার বন্ধনে আমরা জড়িয়ে পড়লাম সুশেন টুডু, শ্রীকান্ত মুর্মু দের সাথে সেই রাতেই আমারা দেখেছিলাম পানীয় জলের দুষ্প্রাপ্যতা।আমরা দেখেছিলাম শীতের রাতে একটু কম্বল এর জন্য কি করুন অবস্থা।সকাল হোল, আমরা আবার রওনা দিলাম অন্য একটি গন্তব্য এর দিকে। কিন্ত রুগরুঘুটু মনের ভিতর যায়গা করে নিল।

কিছু একটা করতেই হবে এই বাসনা থেকেই 2018 এর জানুয়ারি মাসে আমরা আমাদের কাজ শুরু করলাম।প্রথমেই আমরা গোটা গ্রাম টিকে সমীক্ষা করলাম, কতজন গ্রামবাসী, কতজন মহিলা, কতজন পুরুষ, প্রধান জীবিকা কি, খাদ্যভ্যাস, পানীয় জলের উৎস্য।জঙ্গল এর উপর নির্ভরশীল মানুষের সংখ্যা, প্রাথমিক বিদ্যালয়ের ও চিকিৎসা কেন্দ্রের অবস্থান।ঠিক এই সময়েই আমাদের আবেদনে সাড়া দিয়ে সাহায্যের হাত বাড়িয়ে দিলেন পাঁচলা মহাবিদ্যালয় ,আমরা প্রতিটি পরিবারের হাতে শীতের কম্বল তুলে দিতে পারলাম পাঁচলা মহাবিদ্যালয় এর সৌজন্যে ।তুলে দিতে পারলাম ছোটো ছোটো ভাই বোনেদের হাতে শীতের পোশাক ।শুরু হল পথচলা ।

কাজের প্রয়োজনে একটি Registered Society তৈরি করা জরুরী হয়ে পড়ল। ন জন সম মানসিকতার মানুষ কে নিয়ে তৈরী হল "বোধোদয়"। বোধোদয় এর মূল লক্ষ্য ছিল মূলত প্রান্তিক গ্রামীণ অঞ্চলের শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য নিয়ে কাজ করা এবং তাদের আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে হস্ত শিল্প নির্ভর গ্রামীন কুটির শিল্পের উপর জোড় দেওয়া।

বোধোদয় এর শিক্ষানিকেতন গুলি গড়ার পিছনে বেশ কিছু উদ্দেশ্য ছিল।
**প্রথমত,** প্রথাগত বিদ্যালয়ে যারা যেতে পাড়ছেনা,তাদের কে প্রাথমিক কিছু পাঠদান করে ,কিছুটা ভিতি কাটিয়ে পুনরায় শিক্ষার মূল স্রোতে আনা।
**দ্বিতীয়ত,** যারা বিভিন্ন কারনে পড়া ছেড়ে দিয়েছে তাদেরকে এই শিক্ষা কেন্দ্রে নিয়ে আসা।
**তৃতীয়ত,** একটু বাংলা,ইংরাজি এবং অঙ্ক যাতে করতে পারে, বিদ্যালয়ের পাশাপাশি আরও একটু চর্চার মধ্যে রাখা।
**চতুর্থত,** যে সমস্ত শিক্ষক ও শিক্ষিকারা এই কেন্দ্রে পড়াচ্ছেন তারাও যেন তাদের উচ্চ শিক্ষার পাঠ চালিয়ে যেতে পারে।একে একে শিক্ষানিকেতন এর সংখ্যা বাড়তে থাকলো।

**BODHODOY**
**Reg No. S0004767 of 2019**
**Contact No. 9735318088/8967488618**
**www.bodhodoysociety.com**

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

---

আমরাও আমাদের বোধোদয় কে রুগরুঘুটু থেকে অযোধ্যার ই পিটিদিরি, পুরুলিয়ার পুঞ্চার ভূতাম শবর পল্লী, বান্দোয়ান এর বুড়িঝোর, আমঝর্ণা,কাররু, কাশিপুর এর শিউলিবাড়ি, বাঁকুড়ার তালডাংড়া ব্লকের উপরশোল এবং রানীবাঁধ এর রাজাকাটা তে ছড়িয়ে দিতে পারলাম।

শুধু পাঠদান নয়, পড়াশনার পাশাপাশি শিশুদের জন্য খেলাধূলা, বাৎসরিক সাংস্কৃতিক প্রতিযোগিতা,শিক্ষার্থীদের নিয়ে জেলা বিজ্ঞান কেন্দ্রে নিয়ে যাওয়া, শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীলতা কে বাড়ানোর জন্য, লেখার সুঅভ্যাস গড়ে তোলার জন্য ত্রিমাসিক পত্রিকা প্রকাশ করা এই সবই করা হয়েছে। প্রতিটা কেন্দ্রে প্রতি ছয়মাস অন্তর Free Medical Camp করা হয়েছে।বিভিন্ন সময় বিভিন্ন ডাক্তার বাবুদের আমরা এই মহৎ কাজে পেয়ছি বাঁকুড়া সম্মিলনি ম্যেডিকেল কলেজ, মেদিনীপুর মেডিক্যাল কলেজ এবং পুরুলিয়ার পাড়া ব্লক স্বাস্থ্য কেন্দ্র থেকে।

এছাড়াও আমাদের শিক্ষানিকেতন গুলি যে যে গ্রামে আছে সেই সমস্ত গ্রামের শবর, সাঁওতাল ও কালিন্দী অধিবাসীদের জন্য বিভিন্ন সময় বিভিন্ন উন্নয়ন মূলক ও স্ব-নির্ভরতার জন্য আমরা কর্মসূচি গ্রহণ করেছি। যেমন পুরুলিয়ার পুঞ্চার ভূতাম শবর পল্লীতে সেলাই মেশিন, শালপাতার মেসিন দেওয়া হয়েছিল। তাদের প্রশিক্ষণ এর জন্য বিশেষ কর্মশালার আয়োজনও করা হয়েছিল। আবার পুরুলিয়ার অযোধ্যার অধিবাসীদের জন্য টমেটো শস্ তৈরী করার প্রশিক্ষণ দেওয়া ও তাঁদের হাতে হাতে তৈরি করা শিখিয়ে আমরা বিভিন্ন মানুষের কাছে পৌঁছে দিয়েছি। অন্যদিকে পুরুলিয়ার নির্ভয়পুর শবর গ্রামের মহিলাদের বাবুই ঘাস, খেজুর পাতা ও কাশি ঘাস দিয়ে তৈরী বিভিন্ন শৌখিন জিনিস পত্রআমরা বিভিন্ন অঞ্চলের মানুষের কাছে পৌছে দিয়েছি এবং প্রাপ্ত অর্থ আবার সেই গ্রামে পৌঁছে দিতে পড়েছি।

প্রথমেই যখন Covid-19 এর জন্য চারিদিকে Lock-down, তখন বোধোদয় পুরুলিয়ার, বাঁকুড়ার বিভিন্ন অঞ্চলে শুকনো খাবার, ঔষধ, সাবান প্রভৃতি জিনিস পৌঁছে দিতে সক্ষম হয়েছে।

শুধুমাত্র শিক্ষানিকেতন কেন্দ্রিক আমাদের কর্মকান্ড কে সীমাবদ্ধ না রেখে পুরুলিয়ার ও বাঁকুড়ার বিভিন্ন মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছে বোধোদয়। তাদের বিভিন্ন খাতা ও বই আমরা বোধোদয় এর পক্ষ থেকে কিনে দিয়েছি এবং পাশে থাকার আশ্বাস দিয়েছি। বোধোদয় পরিচালিত সকল শিক্ষানিকেতন এর শিক্ষকদের পড়ানোর গুনগত মান উন্নয়ন এর জন্য আমরা তিন দিনের আবাসিক শিক্ষক প্রশিক্ষণ এর ব্যবস্থা করেছিলাম বাঁকুড়ার উষারডিহি অঞ্চলে। আমাদের প্রতিটি শিক্ষানিকেতন বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন প্রান্তিক জনজাতি অধ্যুষিত অঞ্চলেই করেছি। বোধোদয় এর শিক্ষানিকেতন গুলি যেহেতু বিভিন্ন জঙ্গল মহল এলাকায় অবস্থিত তাই বোধোদয় সাপে কাটা,বিভিন্ন কু সংস্কার বিরোধী এবং প্রকৃতি বিষয়ক জন সচেতনতা মূলক আলোচনা সভার আয়োজন করে চলেছে বিভিন্ন শিক্ষানিকেতন গুলিতে।

**BODHODOY**
**Reg No. S0004767 of 2019**
**Contact No. 9735318088/8967488618**
**www.bodhodoysociety.com**

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

-----------------------------------------------------------------

যে সমস্ত গ্রাম গুলিতে আমরা কাজ করে চলেছি এবং আমাদের শিক্ষানিকেতন গুলি :

১. পুয়ারা বোধোদয় শিক্ষা নিকেতন, আরষা, পুরুলিয়া
২. ভুতাম বোধোদয় শিক্ষা নিকেতন, পুঞ্চা, পুরুলিয়া
৩. চন্দনপুর বোধোদয় শিক্ষা নিকেতন, মানবাজার, পুরুলিয়া
৪. লেদাবোনা বোধোদয় শিক্ষা নিকেতন, হুড়া, পুরুলিয়া
৫. রাজাকাটা বোধোদয় শিক্ষা নিকেতন, রানিবাঁধ, বাঁকুড়া
৬. বড়দা শবর বোধোদয় শিক্ষা নিকেতন, খাতড়া, বাঁকুড়া
৭. উপরশোল বোধোদয় শিক্ষা নিকেতন, তালডাংরা, বাঁকুড়া
৮. লোটিহীড় বোধোদয় শিক্ষা নিকেতন, বিষ্ণুপুর , বাঁকুড়া
৯. নূতনগ্রাম বোধোদয় শিক্ষা নিকেতন, জয়পুর, বাঁকুড়া
১০. রামপুর বোধোদয় শিক্ষা নিকেতন, সোনামুখী, বাঁকুড়া
১১. সেনাই বোধোদয় শিক্ষা নিকেতন, গোঘাট, হুগলী

**01/04/23:** বোধোদয়ের উদ্যোগে, "রিলার্ন ফাউন্ডেশন" এর আর্থিক সহযোগিতায় বিষ্ণুপুর ব্লকের জয়পুর বনাঞ্চল সংলগ্ন গ্রাম লোটিহীড় এ শালপাতার থালা তৈরির মেশিন, সেলাই মেশিন প্রদান করা হলো। গ্রামের মায়েদের কে স্বনির্ভর করার জন্য ১০ জন মহিলাকে নিয়ে একটি গ্রুপ তৈরি করে আজ থেকে ১০ দিনের প্রশিক্ষণও শুরু হল। প্রশিক্ষণ শেষে সকলকে সাম্মানিক প্রদান ও করা হবে।সম্পূর্ণ বিষয় টি দেখভাল করছেন এই গ্রামেরই লক্ষ্মী নারায়ণ মুর্মু মহাশয়। তিনি জানিয়েছেন এই গ্রামের মায়েরা এই বিষয়ে খুব উপকৃত হবেন। এছাড়া এই গ্রামে শিশুদের নিয়ে একটি শিক্ষালয়ও খোলা হয়েছে। "লোটিহীড় বোধোদয় শিক্ষনিকেতন" এর দিদিমনি হলেন এই গ্রামের ই সুষমা মুর্মু। এখন ছাত্র -ছাত্রী সংখ্যা ৫২ দাঁড়িয়েছে। বেলশুলিয়া পঞ্চায়েত মাননীয়া প্রধান কৃষ্ণা সর্দার মহাশয়া উপস্থিত থেকে, ওনার মূল্যবান বক্তব্য রেখেছেন। উপস্থিত ছিলেন Relearn Foundation এর Dr. Mita Tarafder. বোধোদয় এর কচিলাল শিট, দেবাংশু পরামানিক, তাপস দাস ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।

**13/04/23:** বোধোদয় এর বিভিন্ন শিক্ষা নিকেতন গুলির জন্য ১২০ টি খাতা প্রদান করলেন বাঁকুড়ার রাজীব দাস দাদা তাঁর উপহার দোকান থেকে । দাদা কে অসংখ্য ধন্যবাদ জানাই বোধোদয় এর পক্ষ থেকে।

**05/05/23:** পণ্ডিত রঘুনাথ মুর্মু ভাষাতত্ত্ববিদ, লেখক, নাট্যকার ও সাঁওতালি ভাষায় ব্যবহৃত "অলচিকি" লিপির উদ্ভাবক ছিলেন। পণ্ডিত রঘুনাথ মুর্মু ১৯০৫ সালের ৫ মে এক পূর্ণিমা তিথিতে ভারতের ওড়িশা রাজ্যের ময়ূরভঞ্জ জেলার রায়রঙ্গপুর থানার অন্তর্গত ডহরাডিহি গ্রামে জন্মগ্রহণ করেন।পণ্ডিত রঘুনাথ মুর্মু এর জন্মদিবস পালন করছেন লোটিহীড় বোধোদয় শিক্ষনিকেতন, লোটিহীড়, বিষ্ণুপুর, বাঁকুড়া, শিক্ষিকা: সুষমা মুর্মু

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

----------------------------------------------------
-----------------

**08/05/23:** ২৫শে বৈশাখ পালন। বোধোদয় পরিচালিত বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন শিক্ষনিকেতন গুলিতে শিক্ষক মহাশয়েরা ও ছাত্র-ছাত্রীরা কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম দিবস পালন করছেন. ভূমিজাত কন্ঠে, জনজাতি ছন্দে, বেজে ওঠো হে রবীন্দ্র কী বিপুল মন্দ্রে। অভিবাদন হে ধলকিশোর ,কাঁসাই,শিলাই, কুমারী, শাল, পিয়াল, পলাশ, মহুয়া, খেজুর-বাথান অযোধ্যা ডাঙা-বাইদ সাঁওতাল, শবর, মাহাতো আদৃত প্রিয় বোধোদয়।

**05/06/2023:** বিশ্ব পরিবেশ দিবস ( 5th June, 2023) এ বোধোদয় এর বিভিন্ন শিক্ষা নিকেতন এর ক্ষুদ্র ক্ষুদ্র প্রয়াস।বোধোদয় পরিচালিত বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন শিক্ষনিকেতন গুলিতে শিক্ষক মহাশয়েরা ও ছাত্র-ছাত্রীরা পালন করলেন পরিবেশ দিবস। পদযাত্রা, কবিতা আবৃতি, ছবি আঁকা, বৃক্ষরোপণ ও বক্তব্যের মধ্য দিয়ে সুন্দরভাবে পালন করলেন পরিবেশ দিবস।

**18/06/2023 :** আজ বোধোদয়ের পরিচালিত বাঁকুড়ার ও পুরুলিয়ার বিভিন্ন শিক্ষা কেন্দ্র গুলি পরিদর্শন করতে গিয়েছিলেন তাপস দাস, ঈশিতা সরেন, বিপ্লব দেবনাথ, তপন বন্দ্যোপাধ্যায় ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়। এছাড়াও প্রতিটি কেন্দ্রে বিভিন্ন ধরনের চার্ট( নামতা, দেহের বিভিন্ন অংশ, বর্ণ পরিচয়, ফল, ফুল, শাক সব্জি, জীব-জন্তু,প্রভৃতি) দেওয়া হল। যাওয়া হয়েছিল বাঁকুড়ার রানীবাঁধ এর বড়দা শবর পল্লী, রাজাকাটা এবং পুরুলিয়ার বুড়িঝোর, চন্দনপুর ও ভূতাম।

**19/06/2023 :** বাঁকুড়ার "উপহার" দোকানের রাজীব দাস Rajib Das দাদা বোধোদয়ের বিভিন্ন ছাত্র-ছাত্রীদের জন্য জলের বোতল ও খাতা দিয়েছিলেন । বোধোদয়ের পক্ষ থেকে সেগুলি পৌঁছে দেওয়া হল। ধন্যবাদ জানাই রাজীব দা কে।

**20/06/2023:** বোধোদয়ের উদ্যোগে ও Inome Tax Sports and Recreation Club এর আর্থিক সহযোগিতায় পুরুলিয়ার পুঞ্চা ব্লকের ভূতাম, গোগদা ও নির্ভয়পুর গ্রামের 12 জন সম্ভাব্য শবর মায়েদের হাতে বেশ কিছু পুষ্টিকর খাবার তুলে দেওয়া হল । এই প্রয়াস আমাদের চলতে থাকবে।সুস্থ মা জন্ম দেবে সুস্থ সন্তানের, সুস্থ সন্তান গড়ে তুলবে ভবিষ্যতের সুস্থ সমাজ। এই লক্ষ নিয়েই বোধদয়ের নতুন পদক্ষেপ।

**21/06/2023:** আজ আন্তর্জাতিক যোগ দিবস। বোধোদয়ের পরিচালিত বাঁকুড়ার জয়পুর এর লোটিহীড় বোধোদয় শিক্ষানিকেতন এর ছাত্র-ছাত্রীদের যোগ শেখাচ্ছেন শিক্ষিকা সুষমা মুর্মু।

**23/06/2023:** বোধোদয় পরিবারের বিভিন্ন শিক্ষকরা বিভিন্ন সময় বিভিন্ন কেন্দ্রে গিয়ে শিক্ষা প্রদান করেন, শিক্ষা প্রদান করার কৌশল শেখান। আজ একুশে জুন (21/06/23) বোধোদয় পরিবারের পক্ষ থেকে শিক্ষক অর্ক প্রভ রায়, শিক্ষক শুভঙ্কর বন্দ্যোপাধ্যায় ও শিক্ষক পান্থদীপ

বন্দ্যোপাধ্যায় পৌঁছে গিয়েছিলেন উপরশোল বোধোদয় শিক্ষানিকেতনে, উপরশোল, সাতমৌলি ,তালডাংড়া,বাঁকুড়া। ইংরেজি, ভূগোল এবং পরিবেশের বিভিন্ন পাঠ নিয়ে আলোচনা হল আজকের এই ক্লাসগুলিতে।

05/08/2023 : বাঁকুড়ার জয়পুর বনাঞ্চল সংলগ্ন আদিবাসী অধ্যুষিত লোটিহীড় গ্রামে 'বোধোদয়' এর পরিচালনায় এক বছরের উপর একটি শিক্ষানিকেতন চলছে। আজ বোধোদয়ের পক্ষ থেকে আমরা গিয়েছিলাম শিক্ষার্থীদের ছবি আঁকার খাতা, রং পেন্সিল, উডেন পেন্সিল, পেন, খাতা, ইরেজার, সার্পনার ও দিদি মনির জন্য চক নিয়ে। কেন্দ্র টির দিদিমনি সুষমা মুর্মু খুব নিপুণ দক্ষতার সাথে শিক্ষানিকেতন টিকে চালাচ্ছেন। আমরা আশা রাখি এই কেন্দ্র টি আরও সাফল্য পাবে। বিশেষ ধন্যবাদ জানাই কোতুলপুর ব্লকের A.I. of schools মাননীয় দেবদুলাল গোস্বামী মহাশয়কে তাঁর গৌরবময় উপস্থিতির জন্য। উপস্থিত ছিলেন মদনমোহনপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অমৃত ভট্টাচার্য মহাশয়, দেউপাড়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষক বিভাস বাবু, এছাড়াও উপস্থিত ছিলেন কচিলাল শীট, অর্কপ্রভ রায় ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়। শিশুদের গাওয়া গান, ছোটো ছোটো কন্ঠে আবৃত্তি করা কবিতা ও ওদের পরিবেশন করা নৃত্যের মধ্যে দিয়ে আজকের অনুষ্ঠান একটি অন্য মাত্রা পেয়েছিল।

**06/08/2023:** আজকে আমরা আছি বড়দা শবর পাড়া তে।মুকুটমনিপুর জলাধার সংলগ্ন এলাকা তে একটি Medical camp চলছে। Team আশ্বাস এর সহায়তায় এই Medical Camp টি আজ সুসম্পন হল। আজ 56 জন গ্রামবাসীকে ডাক্তার বাবুরা দেখে বিনামূল্যে ঔষধ দিয়েছেন। উপস্থিত ছিলেন ডঃ কার্তিক মহান্ত ও Team আশ্বাস এর বিভিন্ন চিকিৎসকেরা। ধন্যবাদ জানাই বোধোদয়ের বড়দা শবর শিক্ষানিকেতন এর শিক্ষিকা রেনুকা শবর ও আশ্বাস কে।

**15/08/2023:** স্বাধীনতা দিবস পালন করছে লোটিহীড় বোধোদয় এর শিক্ষার্থীরা।আমাদের শবর শিশুরাও পালন করছে স্বাধীনতা দিবস।বোধোদয় পরিচালিত বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন শিক্ষনিকেতন গুলিতে শিক্ষক মহাশয়েরা ও ছাত্র-ছাত্রীরা আজকের দিনে স্বাধীনতা দিবস পালন করলেন।

**02/09/2023 :** বোধোদয় পরিচালিত রানিবাঁধ এর জঙ্গলঘেরা একটি গ্রাম রাজাকাটা। রাজাকাটা তে একটি শিক্ষানিকেতন চলছে। ওখানে পড়ান আমাদের দিদি মনি পুষ্পলতা মুর্মু। ওদের আঁকা ছবি দিয়ে আজকের ক্লাস ।

**03/09/2023 :** বোধোদয়ের পক্ষ থেকে আমরা চেষ্টা করি প্রতিটা কেন্দ্রে একবার করে মূল্যায়ন করার। আমরা অনেক কেন্দ্রেই মূল্যায়ন করতে পারিনি। তবু বেশ কয়েকটি কেন্দ্রে আমরা

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

----------------------------------------------------------
-------------------

মূল্যায়ন করতে সক্ষম হয়েছি, এই কাজে সহায়তা করেছেন মানবাজার গার্লস স্কুলের শিক্ষিকা তথা বোধোদয় এর সদস্যা মাননীয়া পৌলমী মন্ডল মহাশয়া। উনি ভুতাম শবর শিক্ষা নিকেতনে ও চন্দনপুর বোধোদয় সহজ পাঠশালাতে বারংবার গিয়ে মূল্যায়ন করেছেন, ছাত্র ও ছাত্রীদের বিভিন্ন ক্লাস নিয়েছেন। ধন্যবাদ জানাই পৌলমি মন্ডল মহাশয়া কে।

**05/09/2023 :** আজ শুভ শিক্ষক দিবস এর দিনে BODHODOY (বোধোদয়: পুরুলিয়া ও বাঁকুড়া) এর মূল রেজিস্টার্ড অফিসে শুরু হলো আরো নতুন একটি শিক্ষানিকেতন। সেনাই বোধোদয় শিক্ষানিকেতন, সেনাই, গোঘাট, হুগলী, শিক্ষিকা : প্রিয়া কারক ও শিক্ষিকা টুম্পা বেজ।

**06/09/2023:** বোধোদয়ের উদ্যোগে ও Inome Tax Sports and Recreation Club এর আর্থিক সহযোগিতায় পুরুলিয়ার পুঞ্চা ব্লকের ভূতাম, গোগদা ও নির্ভয়পুর গ্রামের 16 জন সম্ভাব্য শবর মায়েদের হাতে বেশ কিছু পুষ্টিকর খাবার তুলে দেওয়া হল তৃতীয় বারের জন্য । এই প্রয়াস আমাদের চলতে থাকবে।সুস্থ মা জন্ম দেবে সুস্থ সন্তানের, সুস্থ সন্তান গড়ে তুলবে ভবিষ্যতের সুস্থ সমাজ। এই লক্ষ নিয়েই বোধদয়ের নতুন পদক্ষেপ।এই শুভ প্রয়াস চলে আসছে গত 19/06/23 থেকে।

ইতিমধ্যেই আমরা এর সুফল ও পেতে শুরু করেছি। ফুটফুটে সন্তান সুস্থ ও সবল ভাবে ধরিত্রীর মাটি স্পর্শ করেছে।
**15/09/2023 :** বিশ্ব জলবায়ু ধর্মঘট দিবস শপথ গ্রহন পাঠ , সেনাই বোধোদয় শিক্ষানিকেতন. পশ্চিমবঙ্গ_বিজ্ঞান_মঞ্চ, বাঁকুড়া জেলা

**26/09/2023 :** সেনাই বোধোদয় শিক্ষাকেন্দ্রে আজ পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের ২০৪ তম জন্মদিবস পালিত হবার কিছু মুহূর্ত।উপস্থিত আছেন দেবাংশু পরামানিক , বিভাস রায় ও শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়। ২৬ শে সেপ্টেম্বর ঈশ্বর চন্দ্র বন্দ্যোপাধ্যায় এর জন্মদিন উপলক্ষে সেনাই বোধোদয় শিক্ষানিকেতন এ একটি ছবি আঁকার প্রতিযোগিতা এর আয়োজন করা হয়েছে। প্রত্যেক স্টুডেন্ট কে নতুন রং এর খাতা ও পেন্সিল দেওয়া হলো । ওরা ১ঘন্টা ৩০ মিনিট ছবি আঁকার পর Subhankar Bandyopadhyay ,বিভাস রায় ও Debansu Paramanik ছবি গুলি দেখে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কে কে হয়েছে সেই সিদ্ধান্ত নিয়েছেন । বিদ্যাসাগর মহাশয় এর জীবনী নিয়েও ওনারা আলোকপাত করেছেন।

**26/09/2023 :** বোধোদয় এর বিভিন্ন শিক্ষানিকেতন গুলিতে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এর জন্মদিন পালন করছে আমাদের শিক্ষার্থীরা । অংশগ্রহণ করেছে সেনাই বোধোদয় শিক্ষাকেন্দ্র,

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

-------------------------------------------------------------------

উপরসোল বোধোদয় শিক্ষাকেন্দ্র, লোটিহীড় বোধোদয় শিক্ষাকেন্দ্র, পুয়ারা শিক্ষাকেন্দ্র, ভূতাম শিক্ষাকেন্দ্র।

**27/09/2023:** Bodhodoy -বোধোদয় শুধুমাত্র পড়াশোনা এর মধ্যে শিশুদের সীমাবদ্ধ না রেখে খেলা ধুলার বৃহৎ পরিমন্ডল এর মধ্যে নিয়ে এসে তার রস আস্বাদন করতে দিতে সমর্থ হয়েছে।

বোধোদয় এর সদস্য S. Isita এর নেতৃত্বে লোটিহীড় বোধোদয় শিক্ষনিকেতন এর এক ছাত্র দীপক হাঁসদা Junior National Due Ball Championship, 23এ সুযোগ পেয়েছে। ১লা অক্টোবর, 2023 Laxmi Narayan Murmu দাদা ও দীপক হাঁসদা মহারাষ্ট্র এর নাগপুর এ National Level Due Ball খেলতে যাচ্ছেন।
এটা একটা বড় পাওয়া বোধোদয় পরিবারের।
BODHODOY পরিবারের পক্ষ থেকে আজ শুভেচ্ছা বার্তা জানানো হলো দীপক হাঁসদা ও লক্ষী নারায়ণ মুর্মু দাদা কে।

**28/09/2023:** কোতুলপুর এর শিরোমণিপুর এর বাসিন্দা চন্দ্রিমা পাল Law নিয়ে পড়ছে সুরেন্দ্রনাথ কলেজে। ওনার বাবা একটা ছোট্ট লটারি এর দোকানে কাজ করেন।চন্দ্রিমা ওর পড়ার জন্য চারটি Law বিষয়ের এর বই চেয়েছিলো "বোধোদয়" এর কাছে। "বোধোদয় পরিবারের" এর পক্ষ থেকে বোধোদয় পরিবারের আর্থিক সহায়তায় সদস্যা ঈশিতা সরেন College street থেকে সব বই কিনে ওর হাতে তুলে দিয়েছেন। আপনারা পাশে আছেন বলেই এটা সম্ভব হলো। ধন্যবাদ জানাই বোধোদয় এর সকল সদস্য ও সদস্যা দের।

**19/09/2023:** বোধোদয় পরিবারের আমন্ত্রণে হৃদয় এর টানে সদূর কলকাতা ও বলাগর থেকে ছুটে এসেছেন শুভদীপ পাল, সুরজিৎ দাস, গৌরমোহন ঘোষ, দীপঙ্কর মালো এবং শেখ সরোয়ার হোসেন মুকুটমণিপুর জলাধার এর পাশে অবস্থিত রানিবাঁধ ব্লকের বড়দা শবর পল্লীর শিক্ষার্থীদের হাতে নূতন কাপড় জামা তুলে দিতে। যাতে করে এখানকার শিক্ষার্থীরা পুজোর আগে নূতন পোশাকের আনন্দ উপভোগ করতে পারে। বড়দা শবর পল্লীর সকল শিক্ষার্থীদের জন্য ওনারা নিয়ে এসেছেন জামা, কাপড়, নূতন খাতা, পেন, পেন্সিল, শিশুদের জন্য কিছু খাবার পঞ্চমীর দিনেই। এছাড়াও ওনারা নিয়ে এসেছেন বয়স্ক মানুষদের জন্য নূতন শাড়ি, ধুতি এবং কাপড়। ধন্যবাদ জানাই সকল কর্মকর্তাদের ও শুভানুধ্যায়ী ব্যক্তিদের যাঁরা "বিনা সুতায় রাখি বন্ধন এর কারিগর"। ধন্যবাদ জানাই শুকদেব মিস্ত্রিকে, উনি বোধোদয় পরিবারের সাথে ওনাদের পরিচয় করিয়ে দিয়ে ছিলেন। বড়দা শবর পল্লির শিশুরা, বয়স্ক মায়েরা, বৃদ্ধ মানুষেরা সকলেই আজ খুব খুশি। এটাই আমাদের ভালোলাগা, এটাই আমাদের পরম প্রাপ্তি।

**21/10/23:** বোধোদয়ের উদ্যোগে ও Inome Tax Sports and Recreation Club ( I.T.S & R.C, W.B) এর আর্থিক সহযোগিতায় পুরুলিয়ার পুঞ্চা ব্লকের ভূতাম, গোগদা ও নির্ভয়পুর গ্রামের 22 জন সম্ভাব্য শবর মায়েদের হাতে বেশ কিছু পুষ্টিকর খাবার তুলে দেওয়া হল **চতুর্থ বারের জন্য**।

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

------------------------------------------------------------------

এই প্রয়াস আমাদের চলতে থাকবে।সুস্থ মা জন্ম দেবে সুস্থ সন্তানের, সুস্থ সন্তান গড়ে তুলবে ভবিষ্যতের সুস্থ সমাজ। এই লক্ষ নিয়েই বোধদয়ের নতুন পদক্ষেপ।এই শুভ প্রয়াস চলে আসছে গত 19/06/23 থেকে।

ইতিমধ্যেই আমরা এর সুফল ও পেতে শুরু করেছি। ফুটফুটে সন্তান সুস্থ ও সবল ভাবে ধরিত্রীর মাটি স্পর্শ করেছে।
বিশেষ ভাবে ধন্যবাদ জানাই Debasish Sau দাদা কে, এই প্রয়াস কে সুন্দর ভাবে সফল করতে সাহায্য করার জন্য।
**30/10/2023:** বোধোদয় পরিবারের পক্ষ থেকে আজ সুনীল মুরমু গিয়েছিলেন পুরুলিয়ার পুয়ারা বোধোদয় শিক্ষা নিকেতনে। পুয়ারা শিক্ষা নিকেতনের সমস্ত শিক্ষার্থীদের সাথে কথা বলে পরিদর্শন করে এলেন।এই শিক্ষা নিকেতনের শিক্ষিকা হলেন পম্পা মুখার্জী দিদিমণি। ধন্যবাদ জানাই সুনীল মুরমু মহাশয় কে ও পম্পা মুখার্জি দিদিমণিকে।

**15/11/2023 :** বোধোদয় এর পরিচালিত পুরুলিয়া ও বাঁকুড়ার ১৩ টি শিক্ষা নিকেতন এর মধ্যে অন্যতম বাঁকুড়ার তালডাংরার উপরসোল শিক্ষানিকেতন ( শিক্ষিকা রাসমণি মুর্মু ও শিক্ষক রাধেশ্যাম দে, ছাত্র - ছাত্রী সংখ্যা ৮২) এবং জয়পুরের নূতনগ্রাম শিক্ষানিকেতন ( শিক্ষক সুকুরাম মুর্মু, ছাত্র-ছাত্রী সংখ্যা ৪২)। এই শিক্ষা নিকেতন গুলি 15/11/23 তারিখে পরিদর্শন করে এলেন Bodhodoy -বোধোদয় পরিবারের বিভাস রায় ও সন্দীপ ভট্টাচার্য মহাশয়। দুটি কেন্দ্র ই মূলত আদিবাসি জনজাতি অধ্যুষিত গ্রামের ছাত্রছাত্রীরা পড়াশোনা করেন।

**25/11/2023- 27/11/2023: নেচার স্টাডি ক্যাম্প** - কথাটা বললেই মনে পড়ে যায় পাহাড়, বোল্ডার, রক ক্লাইম্বিং, টেন্ট, আকাশ চেনো, ম্যাপ চেনো, বার্ড ওয়াচিং, রোপ এক্টিভিটি, রিভার ক্রসিং, সারভাইভাল, নাইট সাফারি , প্রকৃতি পাঠ, পরিবেশ দূষণ , প্লাস্টিক ফ্রি এনভাইরনমেন্ট, ভিলেজ সার্ভে, ট্রেজার হান্টিং আরো কত কি। কত মজার অনুভূতি, তৈরি হয় নানান অনুভূতি বোধ, তৈরি হয় ফেলো ফিলিংস, বিপদে- অসুবিধায় বন্ধুর পাশে দাঁড়ানো, যেকোনো পরিস্থিতিতে নিজেকে মানিয়ে নেওয়া।একটা নেচার স্টাডি ক্যাম্পের মধ্য দিয়ে তাই একজন লাইফ টাইম এক্সপেরিয়েন্স লাভ করে। এই ধরনের ক্যাম্পগুলো মূলত দক্ষিণবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়ার জঙ্গল, পাহাড়, নদী কেন্দ্রিক অঞ্চল গুলোতেই হয়ে থাকে। অংশগ্রহণ করেন মূলত শহর শহরকেন্দ্রিক একটু আর্থিকভাবে স্বচ্ছল শিক্ষার্থীরাই। অযোধ্যা, মাঠাবুরু, গজাবুরু, শুশুনিয়া তিলাবনী আরো বেশ কিছু ক্যাম্পিং গ্রাউন্ডে দেখেছি মূলত শহরকেন্দ্রিক শিক্ষার্থীরাই সুযোগ পাচ্ছেন। বোধোদয় পরিবারের সদস্যদের মধ্যে এই ভাবনা থেকেই শুরু হয়েছে নতুন একটি প্রয়াসকে সামনে রেখে এগিয়ে চলা। বোধোদয় দীর্ঘদিন ধরে পুরুলিয়া ও বাঁকুড়ার বেশ কিছু আদিবাসী প্রান্তিক অঞ্চলের শিক্ষার্থীদের পাঠশালা কেন্দ্রিক পঠন-পাঠনের ব্যবস্থা করে চলেছে। এই পথে আমরা পেয়েছি

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

-----------------------------------------------------------

-------------------

অনেক শুভানুধ্যায়ী  মানুষদের, অনেক সহজ সহযোগী সংগঠনকে। বোধোদয় এই প্রথমবার প্রকৃতি পাঠ শিবির কে অন্যভাবে দেখতে চেয়েছে। বোধোদয় উদ্যোগ নিয়েছে এই বছর নভেম্বর মাসে সুন্দরবনের পাথর প্রতিমার শিক্ষার্থীরের সঙ্গে পুরুলিয়া ও বাঁকুড়ার আদিবাসী, শবর ও সাঁওতাল জনজাতির শিক্ষার্থীদের মধ্যে মেলবন্ধন ঘটিয়ে তিন দিনের প্রকৃতি পাঠ শিবিরে আয়োজন করা। আমরা করেছি, আমরা আয়োজন করতে পেরেছি একটু অন্য ভাবনায় প্রকৃতি পাঠ শিবিরের এই নভেম্বর মাসের ২৫, ২৬ ২৭ তারিখে জয়পুরের জঙ্গলের ভেতরের একটি ক্যাম্পিং গ্রাউন্ডে। যারা এতদিন  মূলত দূর থেকেই দেখে এসেছে ক্যারাবিনার হারনেস পরে পাহাড়ে উঠছে, দূর থেকে দেখেছে রঙিন টেন্ট এ তাদেরই সমবয়সি দূরের বন্ধুরা রাত কাটাচ্ছে, এবার তারা নিজেরাই সেই সুযোগ পাবে।

সুন্দরবনের পাথর প্রতিমার শিক্ষার্থীরের সঙ্গে পুরুলিয়া ও বাঁকুড়ার আদিবাসী, শবর ও সাঁওতাল জনজাতির শিক্ষার্থীদের মধ্যে থেকে  ৭৬ জন ছাত্র ও ছাত্রী যোগদান করেছেন। Chief Instructor ছিলেন বাবুন কেওরা । Camp commandant ছিলেন বিপ্লব দেবনাথ। Camp ম্যানেজার তথা বোধোদয় এর সম্পাদক  ছিলেন পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।

প্রথম দিন ছিলো টেন্ট পিচিং, back packing, Leave No Trace, trekking and track sign- এই ক্লাস গুলি নেন বাবুন কেওরা। প্রথম দিনেই ছিলো সাপে কাটা নিয়ে সচেতনতার অনুষ্ঠান- ক্লাস নেন সৌম্য সেনগুপ্ত। ছিল তারা চেনানোর ক্লাস- ক্লাস নেন শুভাশিস চির কল্যাণ পাত্র। দ্বিতীয় দিন ছিলো fire building, cooking without utensils. মানচিত্র পাঠ, পরিকল্পনা রূপায়নে মানচিত্র এর ভূমিকা, মানচিত্র এর প্রকার ভেদ। Compass গেমস। ক্লাস নেন বোধোদয় এর সম্পাদক পান্থদীপ বন্দ্যোপাধ্যায়. পাখি চেনার ক্লাস নেন সুপ্রকাশ মণ্ডল ও দেবর্ণব সেন ।এছাড়াও ছিলো ক্যারাবিনার দিয়ে হারনেস পরিয়ে সমস্ত ধরনের নিরাপত্তা বজায় রেখে রিভার ক্রসিং এবং জিপ লাইনের মতো এডভেঞ্চার গেম- ক্লাস নিয়েছেন বিশ্বজিৎ সাহা। ছিলো বিজ্ঞান মঞ্চের সহায়তায় বিজ্ঞান ও কুসংস্কার নিয়ে অনুষ্ঠান, ডাইন প্রথার বিরুদ্ধের অনুষ্ঠান।ছিলো পরাগ মিলন, মৌমাছি ও প্রজাপতিদের ভূমিকা নিয়ে অনুষ্ঠান। বন কর্মী দের সহায়তায় জয়পুর বনাঞ্চল এর বিভিন্ন গাছ ও লতা, পাতা ও বিভিন্ন বন্য জীব জন্তু দের নিয়ে প্রকৃতির পাঠ নিয়েছেন শিক্ষার্থীরা।রিক্সায় কলকাতা থেকে লাদাখ গিয়েছিলেন সত্যেন দাস, উনিও এখানে এসে ওনার অভিযান, ওনার স্বপ্নের কথা বলেছেন। ক্যাম্প এ বিভিন্ন মজার খেলার পাঠ নিয়েছেন ঈশিতা সরেন। কম্পাস, মানচিত্র পাঠ, দিক নির্ণয়, বিশেষ কিছু গাছ ও ভূমিরূপের বৈচিত্র কে চিনে ছাত্র -ছাত্রীরা Treasure Hunting এর মতন খেলাও খেলেছে। ওরা টেলিস্কোপ এর মাধ্যমে শনির বলয়, বৃহস্পতির উপগ্রহ, কাল পুরুষ এই সবই দেখেছে

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

-----------------------------------------------------------------

দু দিন ধরে, একদিন শিখিয়েছেন শুভাশিস চির কল্যাণ পাত্র ও পরের দিন শিখিয়েছেন প্রদীপ দাস। প্লাস্টিক দূষণ, পরিবেশ দূষণ, জল, জলের প্রয়োজন এই সব বিষয়ের ও পাঠ দেওয়া হয়েছে এই তিন দিন।ওরা জঙ্গলে গিয়ে বাসন ছাড়া, জল ছাড়া মাংস ও আলু পুড়িয়ে, নিজেরাই রান্না করে খেয়ে survival এর পাঠ নিয়েছে। ক্যাম্প fire এ উপস্থিত ছিলেন SDO, বিষ্ণুপুর, SDPO, বিষ্ণুপুর, DFO, পাঞ্চেত বিভাগ, IC, বিষ্ণুপুর, OC, জয়পুর, OC, বিষ্ণুপুর, Ranger, জয়পুর বনাঞ্চল প্রমুখ আধিকারিকগণ। বিভিন্ন জ্ঞানীগুনী মানুষের উপস্থিতি ছাত্রছাত্রীদের মধ্যে বিপুল উৎসাহ নিয়ে আসে..."ভবিষ্যতে এরকম ক্যাম্প হলে ওনাদের সহযোগিতার হাত Bodhodoy এর পাশে থাকবে" এই আশ্বাসবানী আমাদেরও উৎসাহ সঞ্চার করে.. ।প্রাকৃতির মধ্যে থেকে প্রকৃতির বৈশিষ্ট গুলিকে চিনে নেওয়ার জন্য এই আয়োজন।

'বোধোদয় ' শুধুমাত্র বই-খাতা-পেনসিল-পেন এর গন্ডি তে আটকে না থেকে চেষ্টা করেছে প্রকৃতি পাঠের এবং কিছু অ্যাডভেঞ্চার মূলক কাজ করার... তারই উদ্দেশ্যে তিনদিনব্যাপী (25th Nov to 27th Nov) Nature Study & Adventure Camp এর আয়োজন... স্থান বিষ্ণুপুর জঙ্গলের মধ্যে অবস্থিত লোটিহীড় গ্রাম। বোধোদয় এর বিভিন্ন ছাত্র ছাত্রী ছাড়াও বাঁকুড়ার আরো কিছু বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও বিশেষ করে সুন্দরবন এর পাথরপ্রতিমা এলাকার কিছু ছাত্রছাত্রীর অংশ গ্রহণ ক্যাম্পটিকে করে তুলেছে বিবিধের মাঝে মিলনের স্থল। গ্রামবাসীদের অপরিমেয় সহযোগিতা, বোধোদয় এর কর্মকর্তাদের চেষ্টা এছাড়াও বিভিন্ন সংগঠনের সহযোগিতায় এই ক্যাম্প আয়োজিত হল।

সকল শুভানুধ্যায়ী, সকল সম মানসিকতার মানুষদের ধন্যবাদ জানাই। আশা রাখি এই প্রকৃতি পাঠ শিবির একটি অন্য মাত্রা পাবে

**10/12/2023:** পুরুলিয়া লিটারেরি মিট,২০২৩. পুরুলিয়া শহরের বুকে এটা একটা অন্যতম সাহিত্য সম্মেলন। অনেক গুণী মানুষের বই, পত্রিকা ও উপন্যাস প্রকাশ পেলো আজকের এই অনুষ্ঠান থেকে। এই বিখ্যাত ছৌ শিল্পী গম্ভীর সিং মুড়া মঞ্চ থেকে প্রকাশ পেল Bodhodoy - বোধোদয় এর অন্যতম **দেওয়াল পত্রিকা "বোধোদয়"।** এই পত্রিকা মূলত বোধোদয় পরিবার পরিচালিত বিভিন্ন শিক্ষানিকেতন গুলির শবর, সাঁওতাল আদিবাসী ছাত্র ও ছাত্রীদের লেখা নিয়েই তৈরি হয়েছে। ধন্যবাদ জানাই পুরুলিয়া লিটারেরি মিট এর সমস্ত আয়োজক দের। বিশেষ ভালোবাসা রইলো আমার বন্ধু Nilanjan Mishra এর জন্য, মূলত ওর জন্যই এই পত্রিকা এই বিশাল মঞ্চ থেকে প্রকাশ পেলো। পরম সৌভাগ্য আমাদের যে বিখ্যাত সঙ্গীত শিল্পী অর্ক মুখার্জী এর মতন ব্যক্তিত্বের হাত দিয়েই প্রকাশ পেলো আমাদের "বোধোদয়" পত্রিকার দ্বিতীয় সংখ্যা।

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

------------------------------------------------------------------

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বোধোদয় পরিবারের ক্ষীরোদ মাহাতো, Sunil Murmu, Babai Sikdar, Sanjaykumar Mahato। পত্রিকার শুরুর দিকে লেখা গুলোকে সাজিয়ে টাইপ করে দিয়েছিলেন Subhankar Bandyopadhyay এবং সোমাশ্রী দি। সান্নিধ্য পেলাম Madhu Chhanda দির ও Dharitri Goswami দির ।

**11/12/2023:** পুয়ারা বোধোদয় শিক্ষা কেন্দ্রের সমস্ত শিক্ষার্থী দের আজ ১১/১২/২৩ তারিখে সকল শিক্ষা উপকরণ সামগ্রী প্রদান করা হলো। বোধোদয় পরিবারের পক্ষ থেকে উপস্থিত ছিলেন শিক্ষক সুনীল মুর্মু।

**21/12/2023:** বোধোদয় এর সদস্যা মাননীয়া ভাস্বতী রায় মহাশয়া এর উদ্যোগে আরো একবার প্রকৃতি পাঠ শিবিরের আয়োজন করা হলো বাঁকুড়ার ছাতনার পাশে পাহাড়পুর অঞ্চলে।এই শুভ উদ্যোগ এর পাশে আমরা সকলেই আছি, ক্রমাগত চেষ্টা করে চলেছি এই ধরনের প্রকৃতি কেন্দ্রীক শিক্ষা মূলক প্রয়াস যেনো জারি থাকে সর্বত্র।ধন্যবাদ জানাই Bodhodoy - বোধোদয় পরিবারের Tapas Kumar Das ও Tapan Bandyopadhyay মহাশয় কে।আন্তরিক শ্রদ্ধা ও প্রণাম জানাই খুবই কাছের মানুষ Bhaswati Ray দিদি কে, এই রকম একটি অসাধারণ উদ্যোগ নেওয়ার জন্য

31/12/2023: বছরের শেষ দিন, বোধোদয় পরিবার আর তার সঙ্গে আমাদের প্রিয় পুরুলিয়া। আজকে আমরা সকলে মিলে কাটিয়ে দিলাম তিলাবনী ও পাঞ্জনিয়া গ্রামে, আজকে আমরা সকলে মিলে আবার নূতন একটি বোধোদয় শিক্ষা নিকেতন এর পথ চলা শুরু করলাম। সঙ্গে ছিলেন Sunil Murmu Tapas Kumar Das Sanjaykumar Mahato Babai Sikdar Swarup Kumar Mahato S. Isita, আর এই পুরো ব্যাবস্থাপনা যাদের , তারা হলেন Papia Mahindar Suprakash Mandal।

আজকে উপস্থিত না হয়েও পর্দার আড়ালে থেকে আমাদের এই কেন্দ্র টিকে বাস্তবায়িত করতে যার ভূমিকা অসামান্য তিনি হলেন Biswajit Saha ও স্বরূপ কুমার মাহাতো দাদা।

**07/01/2024:** আজকে একদল বয়স্কা নারীর কথা বলবো, "নারী" শব্দটা ব্যবহার করলাম কারণ শব্দটার মধ্যে একটা তেজ, একটা সাহসী উদ্যম লুকিয়ে আছে। এনারা সকলেই ষাটোর্ধ মহিলা। বয়স মানেই হাঁটুর ব্যথা, নির্ভরশীলতা, বয়স মানেই একটু একা একা। কিন্তু এই দল টা একদমই উল্টো। কারুর বয়স বাষট্টি, তো কারুর বয়স চুয়াত্তর। এনারা নিজেরাই তৈরি করে ফেলেছেন একটি স্বেচ্ছাসেবী সংগঠন "বৈকালিক",মানুষের পাশে দাঁড়ানোর জন্য, মানুষের একটু অবলম্বন হবার জন্য এনারা নিজেরাই প্রতি মাসে কিছু কিছু আর্থিক অনুদান দিয়ে তৈরি করে ফেলেছেন একটি fund। সেই জমানো অর্থ দিয়েই উনারা প্রতি বছর ছুটে যান দূর দূর অঞ্চলে। কোথাও শীতের কম্বল নিয়ে, কোথাও শাড়ি, কাপড় নিয়ে, কোথাও শিশুদের খাতা, বই পেন নিয়ে। দূরের

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

--------------------------------------------------------------------------

কোন আদিবাসী বা শবর গ্রামের মায়েদের জন্য সোয়েটার নিয়ে, কম্বল নিয়ে ছুটে আসেন আত্মীয়তার বন্ধন তৈরি করতে।

আজকেও ওনারা এসেছেন মেদিনীপুর থেকে খাতড়া এবং রাণীবাঁধ ব্লকের দুটি গ্রামে।

"বোধোদয়" পরিবারের আমন্ত্রণে "বৈকালিক" পরিবার এর এই ভালোবাসা, এই সাধু উদ্যোগ আমাদের মধ্যে চিরকাল স্মরণীয় হয়ে থাকবে। আজকে বড়দা শবর পল্লীর ১০৬ জন মানুষ কে ও রানিবাঁধ এর সহিস পাড়া ও মাহালি পাড়ার মোট ১০০ জন কে শীত কালীন কম্বল, শাড়ি, জামা প্রদান করা হলো। শ্রদ্ধা জানাই #বৈকালিক এর সকল সদস্যকে।

**07/01/2024: 'কোতুলপুর শিশুমঙ্গল শিক্ষানিকেতন'** এর প্রধান শিক্ষক মাননীয় সুকুমার ঘোষ মহাশয় এর বদান্যতায় জয়পুরের বনাঞ্চল সংলগ্ন 'বোধোদয়' এর দুটি শিক্ষনিকেতন - লোটিহীর ও নতুনগ্রাম এ আজ শিশু শিক্ষার্থীদের স্কুল ড্রেস তুলে দেওয়া হলো। উপস্থিত ছিলেন শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়, অমৃত ভট্টাচার্য ও সুদয় বাবু।সুকুমার বাবুকে এইভাবে পাশে পেয়ে আমরা আনন্দিত।

**17/01/2024:** বোধোদয় এই প্রথমবার বিষ্ণুপুর এর সুমঙ্গলম হোম এর শিক্ষার্থীদের নিয়ে, বিষ্ণুপুর মহকুমা শাসকের ও বিষ্ণুপুর সুমঙ্গলম হোম এর সুপারের সহযোগিতায় একটি একদিনের nature study & adventure camp পরিচালনা করে ফেলল। বিষ্ণুপুরের সুমঙ্গলম হোম এর ৩১ জন শিক্ষার্থীকে নিয়ে বোধোদয়ের সকল সদস্যদের আন্তরিক প্রচেষ্টায় সফল হল এই একদিনের ক্যাম্পটি।

বিশেষ ধন্যবাদ জানাই বিশ্বজিৎ সাহা দাদাকে অ্যাডভেঞ্চার camp টি কে সফল করার জন্য। প্রকৃতি পাঠের বিষয়টি দেখেছেন ড: অর্ক প্রভ রায়, শোভন গুপ্ত, সুপ্রকাশ মন্ডল ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়। এছাড়াও সহযোগিতায় ছিলেন অমৃত ভট্টাচার্য মহাশয়, শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়, লক্ষীনারায়ন মূর্মু, সুদয় মণ্ডল ও সুষমা মরমু।
বিশেষ ধন্যবাদ জানাই মাননীয় মহকুমা শাসক, বিষ্ণুপুর মহাশয় কে, Additional DFO, পাঞ্চেত বিভাগ, I. C, বিষ্ণুপুর থানা কে।
**27/01/2024:** -বোধোদয় শুধুমাত্র পড়াশোনা এর মধ্যে শিশুদের সীমাবদ্ধ না রেখে খেলা ধুলার বৃহৎ পরিমন্ডল এর মধ্যে নিয়ে এসে তার রস আস্বাদন করতে দিতে সমর্থ হয়েছে। বোধোদয় এর বিভিন্ন শিক্ষানিকেতন গুলির বাৎসরিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার কিছু মুহূর্ত।

**11/02/2024 :** আজ ১১/০২/২৪ তারিখে পুরুলিয়া, বাঁকুড়া ও হুগলীর মোট ১১ টি শিক্ষা নিকেতন এর প্রত্যেক শিক্ষার্থী( ৪৮৪ জন )কে নিয়ে #Relearn_Foundation এর আর্থিক

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

-------------------------------------------------------------------

সহযোগিতায় আজ দুপুরে একটি মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়েছিলো। Bodhodoy - বোধোদয় পরিবার এর উদ্যোগে Relearn Foundation এর আর্থিক সহযোগিতায় এই উদ্যোগ একটি অন্য মাত্রা পেয়েছে। বিশেষ সাধুবাদ জানাই ডঃ মিতা তরফদার দিদি ও তাঁর Relearn Foundation কে । ধন্যবাদ জানাই প্রতিটি কেন্দ্রের শিক্ষক ও শিক্ষিকা দের, যাদের প্রচেষ্টা ছাড়া এই কর্মসূচি সম্ভব হতো না।

**15/02/2024:** সরস্বতী পূজার পরের দিনেই হুগলী এর ত্রিবেণী থেকে ছুটে এসেছেন মাধুকরী এর পক্ষ থেকে দুই বন্ধু শুকদেব মিস্ত্রি ও কুমারেশ দাস #বোধোদয়_পরিবারের অন্যতম কেন্দ্র তালডাংরা এর "উপরশোল বোধোদয় শিক্ষা নিকেতন" এর সকল শিক্ষার্থী কে শীত কালীন বস্ত্র Sweater দেওয়ার জন্য। আজকে ৪৪ টি নূতন sweater উপহার দেওয়া হলো সাতমৌলি পঞ্চায়েত এর উপরশোল গ্রামের Bodhodoy -বোধোদয় এর ছাত্র ও ছাত্রীদের। এই কেন্দ্রের শিক্ষিকা হলেন রাসমণি মুর্মু। বোধোদয় এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন লক্ষী নারায়ণ মুর্মু ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।

**18/02/2024:** "ছন্দম - সংস্কৃতিতে আমরা"- একটি গোষ্ঠীর আমন্ত্রনে Bodhodoy -বোধোদয় পরিবারের পক্ষ থেকে বাঁকুড়ার বিষ্ণুপুরের লোটিহীড় শিক্ষা নিকেতন এর শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে আমরা( ১৮/০২/২৪) পৌঁছে গিয়েছিলাম আরামবাগ এর রামমোহন হল এ BODHODOY (বোধোদয়: পুরুলিয়া ও বাঁকুড়া) এর শিক্ষার্থী দের নৃত্যের ডালি নিয়ে। ধন্যবাদ জানাই ছন্দম এর কর্ণধার সঞ্জয় বসু দাদা কে এই রকম একটি প্লাটফর্ম বোধোদয় কে দেওয়ার জন্য।

**25/02/2024:** Bodhodoy -বোধোদয় পরিবারের ষষ্ঠ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, ২০২৪. অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় Sanjib Daschakrabarti মহাশয়, AI of Schools, Bankura, মাননীয়া Dharitri Goswami, Doctor, IIT, Kharagpur, মাননীয় সাধন চন্দ্র দানা মহাশয়, জন বিজ্ঞান কর্মী, বাঁকুড়া, মাননীয় Uttam Khan মহাশয়, সম্পাদক, শঙ্কর চক্রবর্তী বিজ্ঞান সভা, আইলাকান্দি, বাঁকুড়া, মাননীয় সঞ্জীব সিংহ মহাশয়, বিজ্ঞান মঞ্চ, বাঁকুড়া, মাননীয় শ্রী দীপক ঘোষ, শক্তি সঙ্ঘ, বাঁকুড়া

BODHODOY (বোধোদয়: পুরুলিয়া ও বাঁকুড়া) এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন Tapas Kumar Das, S. Isita, Injge Sari Saparam, সোমশ্রী বন্ধু,ডঃ সমৃতা বন্ধু, Tapan Bandyopadhyay, Jayasree Mukherjee, Laxmi Narayan Murmu, Tapan Mahato, Anirban Sengupta, Amrit Bhattacharjee, Subhankar Bandyopadhyay প্রমুখ

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

------------------------------------------------------------------------------------

আজ ২৫শে ফেব্রুয়ারী,২০২৪( রবিবার ) এ #বোধোদয় এর উদ্যোগে #বোধোদয় পরিবারের শিক্ষার্থীদের নিয়ে সকাল ৯:০০ থেকে বাঁকুড়ার শক্তি সঙঘ এর মাঠে ( বাস স্ট্যান্ড এর ঠিক পিছনে, আইলাকান্দি )একটি বাৎসরিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার অনুষ্ঠান সু-সম্পন্ন হলো।

**যে সমস্ত কেন্দ্র এতে অংশ গ্রহণ করছে** : ১. ভুতাম শবর পল্লী, পুঞ্চা, পুরুলিয়া ২. চন্দনপুর, মানবাজার, পুরুলিয়া ৩. লেদাবোনা, হুড়া, পুরুলিয়া ৪. পুয়ারা, আরসা, পুরুলিয়া ৫. বড়দা,খাতড়া, বাঁকুড়া ৬. রাজাকাটা, রানিবাঁধ, বাঁকুড়া ৭.উপরসল, তালডাংরা, বাঁকুড়া ৮. লোটিহীড়, বিষ্ণুপুর, বাঁকুড়া ৯. নূতন গ্রাম, জয়পুর, বাঁকুড়া ১০. রামপুর, সোনামুখী, বাঁকুড়া ১১. সেনাই, গোঘাট, হুগলী এবং ১২. ছাতনার উষারডিহি

যে কোনো ধরনের অনুদান এর জন্য আমাদের এই ব্যাংক একাউন্ট এ অনুদান পাঠাতে পারেন : Punjab National Bank (P.N.B), Account Holder: BODHODOY ,Account No. 0540010554534, IFSC: PUNB0055420., Branch: Kotulpur, Bankura ,www.bodhodoysociety.com

**বোধোদয়** মূলত কাজ করে সাঁওতাল ও শবর মানুষদের নিয়েই। বিভিন্ন শিক্ষক ও গুনি মানুষদের সাহায্য নিয়েই বোধোদয় চলে। বোধোদয় বিশেষ ভাবে কৃতজ্ঞ বিভিন্ন সংগঠনের কাছে, যেমন রিলার্ন ফাউন্ডেশন, প্রত্যর্পন, পাঁচলা মহাবিদ্যালয়, উত্তরণ আরামবাগ, স্বপ্নের সাথী,বর্ধমান ফুভিস ক্লাব, বৈকালিক, পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ, বাঁকুড়া, ।সকল শুভানুধ্যায়ী মানুষদের শ্রদ্ধা জানিয়ে সম্পাদকিয় প্রাতিবেদন এখানেই সমাপ্ত করা হল।

Tapas Kumar Das
**Asstt. Secretary**
**Bodhodoy**

Panthodip Bandyopadhyay
**Secretary**
**Bodhodoy**

# বোধোদয় ও বিভিন্ন সামাজিক কর্মসূচি
# ও
# সম্পাদকিয় প্রাতিবেদন-২০২৩-২৪

------------------------------------------------------
-------------------

**BODHODOY**
**Reg No. S0004767 of 2019**
**Contact No. 9735318088/8967488618**
**www.bodhodoysociety.com**